



# BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৯০০/নোটিস/২০২৪/৯/৭৬৪৩  
০২ সেপ্টেম্বর ২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য (যাহার জন্য প্রযোজ্য)

বিষয়: সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের জন্য ঋণ সুবিধা প্রদান বিষয়ক বাংলাদেশ ব্যাংকের সার্কুলার অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিকেএমইএ'র শুভেচ্ছা গ্রহণ করুন।

গত ০১ সেপ্টেম্বর'২৪ তারিখে রপ্তানী উন্নয়ন ব্যুরো থেকে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় থেকে “সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের জন্য ঋণ সুবিধা প্রসঙ্গে” বিষয়ক পত্র বিকেএমইএ'র হস্তগত হয়েছে। যার সূত্র নং- বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০।

পত্রে জানানো হয়েছে যে, সাম্প্রতিক সময়ে অভ্যন্তরীণ রাজনৈতিক ও বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়িক ক্ষেত্রে কিছুটা বিরূপ প্রভাব পড়েছে। ফলশ্রুতিতে শিল্প প্রতিষ্ঠানসমূহে শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের সক্ষমতা হ্রাস পেয়েছে। রপ্তানিমুখী প্রতিষ্ঠানের রপ্তানির গতিধারা অব্যাহত রাখার লক্ষ্যে অর্থায়ন সহায়তা প্রদান করা হবে। তবে অর্থায়ন সুবিধা গ্রহণের ক্ষেত্রে ‘বাংলাদেশ ব্যাংকের সার্কুলার- বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০’ এ উল্লিখিত শর্তাবলী আবশ্যিকীয়ভাবে অনুসরণীয় হবে।

বাংলাদেশ ব্যাংকের সার্কুলার মোতাবেক বিকেএমইএ-থেকে প্রত্যয়ন পত্র গ্রহণের জন্য নিম্নোক্ত ডকুমেন্টসহ আবেদন করতে হবে:

- ১। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাড-এ প্রত্যয়ন পত্রের জন্য বিকেএমইএ সভাপতি বরাবর আবেদন।
- ২। প্রতিষ্ঠানের মোট উৎপাদনের ন্যূনতম ৮০ শতাংশ রপ্তানি করেছে এবং তাদের শ্রমিক-কর্মচারীদেরকে বিগত তিন মাসের (মে, জুন, জুলাই'২৪) বেতন পরিশোধ করেছে; তারা কারখানা সচল ও রপ্তানিমুখী মর্মে স্ব-স্ব লিখিত ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

উল্লিখিত অবস্থার প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযুক্তি আকারে পত্রটি প্রেরণ করা হল।

ধন্যবাদান্তে,

সুলভ চৌধুরী

প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)

বিকেএমইএ

সংযুক্তি: বাংলাদেশ ব্যাংকের সার্কুলার (বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০; তারিখ ০১ সেপ্টেম্বর ২০২৪)

সার্বিক যোগাযোগ:		
প্রধান কার্যালয়	ঢাকা কার্যালয়	চট্টগ্রাম কার্যালয়
মোহাম্মদ হোসেন মুন্না, যুগ্ম-সচিব ০১৭১১৩৫০১২৮	মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া, যুগ্ম-সচিব ০১৯১৪৩৯০৩১২	মোঃ আলতাফ উদ্দীন, সিনিয়র যুগ্ম-সচিব ০১৫৫৪৩৪৫০১১

Head Office : BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224437646, E-mail : info@bkmea.com

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, E-mail : info@bkmea.com

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bbts.net

Log on : www.bkmea.com